

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা প্রতিবেদন ছক

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---------|--|---|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরসহ বিভাগীয় প্রধানগণের জন্য হট লাইন সেবা। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ১৬ টি বিভাগ এবং ৩২ টি মাঠ পর্যায়ের অফিস রয়েছে। এসব দপ্তরের মাধ্যমে সাধারণ যাত্রীবৃন্দসহ প্রান্তিক সুবিধাভোগীদের জন্য সিটিজেন চার্টারে বর্ণিত বিভিন্ন প্রকার সেবা প্রদান করা হয়ে থাকে। বিআইডব্লিউটিএ'র মাঠ পর্যায়ের অফিসসমূহের মধ্যে ঢাকা নদীবন্দর বাংলাদেশের সর্ববৃহৎ নদীবন্দর। এই নদী বন্দরের মাধ্যমে প্রতিবছর প্রায় ৩০ (ত্রিশ) মিলিয়ন যাত্রী এবং ১২ মিলিয়ন মেট্রিক টন মালামাল পরিবাহিত হয়। বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরের মাধ্যমে এই বিশাল কর্মযজ্ঞ সম্পাদিত হচ্ছে। অনেক সময় এই সেবা প্রদানের জন্য বিআইডব্লিউটিএ'র কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে হিমশীম খেতে হয়। অপরদিকে, সেবা গ্রহণের জন্য সেবা গ্রহীতাদেরকে স্ব-শরীরে অফিসে এসে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট যোগাযোগ করে যাবতীয় তথ্যাদি সংগ্রহসহ কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে হয়। যা সেবা গ্রহীতাদের জন্য সময়সাধ্য এবং ব্যয়বহুল। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিধা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | (১) সেবা প্রাপ্তি বা গ্রহণ বা তথ্যাদি সংগ্রহের জন্য স্ব-শরীরে হাজির হতে হবে না। (২) সেবা প্রাপ্তি বা গ্রহণ বা তথ্যাদি সংগ্রহের জন্য হটলাইনের মাধ্যমে যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হবে। (৩) এর ফলে সেবা গ্রহীতাদের সময় এবং অর্থ সাশ্রয় হবে। (৪) বিদ্যমান পদ্ধতি অনুসারে সেবা গ্রহীতাদেরকে স্ব-শরীরে বিআইডব্লিউটিএ'র প্রধান কার্যালয়সহ ঢাকা নদীবন্দরে এসে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট যোগাযোগ করে যাবতীয় তথ্যাদি সংগ্রহসহ সেবা গ্রহণ করতে হয়। যা সেবা গ্রহীতাদের জন্য সময়সাধ্য এবং ব্যয়বহুল। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) সেবা প্রাপ্তি/গ্রহণ বা তথ্যাদি সংগ্রহের জন্য স্ব-শরীরে কর্তৃপক্ষের প্রধান কার্যালয়সহ বিভিন্ন বিভাগ বা মাঠ পর্যায়ের দপ্তরে হাজির হতে হয়। (২) সেবা গ্রহণে ইচ্ছুক আগ্রহী ব্যক্তি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট স্ব-শরীরে যোগাযোগ করে যাবতীয় তথ্যাদি সংগ্রহসহ সেবা গ্রহণ করে থাকেন। (৩) এর ফলে সেবা প্রত্যাশীদের অনেক সময় এবং অর্থের অপচয় হয়। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) সেবা প্রত্যাশীবৃন্দ হটলাইন সেবা সুবিধা ব্যবহার করে সংশ্লিষ্ট কর্মকর্তার সংগে যোগাযোগের মাধ্যমে টেলিফোনেই প্রত্যাশিত সেবা লাভ করবেন। |
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণাধীন ঢাকা নদীবন্দর অফিস সমূহ হতে সেবা সুবিধা প্রাপ্তির উদ্দেশ্যে একটি হট লাইন চালু করা হয়েছে। বিআইডব্লিউটিএ এবং ঢাকা নদীবন্দরে চালুকৃত হট লাইনের মাধ্যমে সেবা প্রত্যাশীবৃন্দ |

| | | |
|-----|--|---|
| | | সংশ্লিষ্ট কর্মকর্তার সংগে যোগাযোগ করে যাবতীয় তথ্যাদি সংগ্রহসহ সেবা গ্রহণ করতে পারছেন। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | ঢাকা নদীবন্দর, সদরঘাট, ঢাকা। |
| ৯. | সেবাটির ওয়েব এড্রেস (যদি থাকে) | www.biwta.gov.bd |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | কমডোর এম মাহবুব-উল ইসলাম চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা-১০০০। ০১৯৬৮৩৯০০০০, chairman@biwta.gov.bd |
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যাতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | মোঃ কায়সারুল ইসলাম উপ-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা নদীবন্দর। ০১৭০৭৯২০৩৭৭, |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | বাস্তবায়িত। |

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা প্রতিবেদন ছক

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---------|---|---|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | ঢাকা নদীবন্দরে ওয়াইফাই সেবা প্রদান। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ১৬ টি বিভাগ এবং ৩২ টি মাঠ পর্যায়ের অফিস রয়েছে। এসব দপ্তরের মাধ্যমে সাধারণ যাত্রীবৃন্দসহ প্রান্তিক সুবিধাভোগীদের জন্য বিভিন্ন প্রকার সেবা প্রদান করা হয়ে থাকে। মাঠ পর্যায়ের অফিসসমূহের মধ্যে ঢাকা নদীবন্দর বাংলাদেশের সর্ববৃহৎ নদীবন্দর। এই নদী বন্দরের মাধ্যমে প্রতিবছর প্রায় ৩০ (ত্রিশ) মিলিয়ন যাত্রী এবং ১২ মিলিয়ন মেট্রিক টন মালালামাল পরিবাহিত হয়। বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরের মাধ্যমে প্রতিবছরে পরিবাহিত প্রায় ৩০ (ত্রিশ) মিলিয়ন যাত্রীর মধ্যে অর্ধাংশ যাত্রীর কোন না কোন ভাবে ওয়াই-ফাই সংযোগের প্রয়োজন হয়ে থাকে। সারা বিশ্বের প্রায় সব বাস/ট্রেন/লঞ্চ/বিমান বন্দর টার্মিনালে ওয়াই-ফাই সেবা সুবিধা রয়েছে। এর ফলে বিভিন্ন মাধ্যমে ভ্রমণকারী যাত্রী সাধারণ সারা বিশ্বের তথ্য ভান্ডারের সংর্ভক্ষনিক সংযুক্ত থাকেন এবং প্রয়োজনীয় কার্যক্রম সমাধা করতে পারেন। বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরে এই সুবিধা না থাকায় নদীপথে ভ্রমণকারী যাত্রী সাধারণ টার্মিনালে অপেক্ষাকালীন সময়ে ওয়েবসাইট/ফেসবুক/টুইটার/মেসেঞ্জার/ ভাইবার/হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম হতে বিচ্ছিন্ন থাকছেন। যার দরুণ সরকারের ডিজিটাল কার্যক্রম বাস্তবায়ন কর্মসূচি বাধাগ্রস্ত হচ্ছে। সারা বিশ্বের লঞ্চ টার্মিনালে প্রদত্ত ওয়াই-ফাই সেবার অনুরূপ সেবা বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরে প্রদান করা হলে সরকারের ডিজিটাল কার্যক্রমকে ত্বরান্বিত হওয়াসহ সেবা গ্রহীতাদের ভ্রমণ সময় এবং ব্যয় হ্রাস পাবে। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিধা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | (১) ওয়েবসাইট/ফেসবুক/টুইটার/হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম সেবা প্রাপ্তি সহজতর হবে। (২) মেসেঞ্জার/ভাইবার/হোয়াটসঅ্যাপসহ টেলিযোগাযোগ সেবা প্রাপ্তি সহজতর হবে। (৩) এর ফলে সেবা গ্রহীতাদের সময় এবং অর্থ সাশ্রয় হবে। (৪) বিদ্যমান পদ্ধতি অনুসারে সেবা গ্রহীতাদেরকে সাইবার ক্যাফে-ব্যবহার করে সেবা গ্রহণ করতে হয়। যা সেবা গ্রহীতাদের জন্য সময়সাধ্য এবং ব্যয়বহুল। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) ওয়েবসাইট/ফেসবুক/টুইটার/হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম সেবা প্রাপ্তি/গ্রহণ করার জন্য সেবা গ্রহীতাদের সাইবার ক্যাফে-তে হাজির হতে হয় কিংবা মোবাইল ড্যাটা ব্যবহার করে প্রত্যাশিত সেবা করতে হয়। (২) মেসেঞ্জার/ভাইবার/হোয়াটসঅ্যাপসহ টেলিযোগাযোগ সেবা গ্রহণে ইচ্ছুক আগ্রহী ব্যক্তি বা সেবা গ্রহীতাদের সাইবার ক্যাফে-তে হাজির হতে হয় কিংবা মোবাইল ড্যাটা ব্যবহার করতে হয়। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) সেবা প্রত্যাশীবৃন্দ বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরে প্রদত্ত ওয়াই-ফাই সেবা সুবিধার সংগে সংযুক্ত হয়ে ওয়েবসাইট/ফেসবুক/টুইটার/ হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন সামাজিক |

| | | |
|-----|--|---|
| | | যোগাযোগ মাধ্যম সেবা প্রাপ্তি/গ্রহণ করতে পারছেন। (২) সেবা প্রত্যাশীবন্দ বিআইডব্লিউটিএ'র ঢাকা নদীবন্দরে প্রদত্ত ওয়াই-ফাই সেবা সুবিধার সংগে সংযুক্ত হয়ে মেসেঞ্জার/ভাইবার/হোয়াটসঅ্যাপসহ যাবতীয় টেলিযোগাযোগ সেবা গ্রহণ করছেন। |
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন ঢাকা নদীবন্দরে ওয়াই-ফাই সেবা সুবিধা চালু করা হয়েছে। এর মাধ্যমে সেবা প্রত্যাশীবন্দ ঢাকা নদীবন্দরে প্রদত্ত ওয়াই-ফাই সেবা সুবিধার সংগে সংযুক্ত হয়ে প্রত্যাশিত সেবা লাভে সমর্থ হচ্ছেন। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | ঢাকা নদীবন্দর, সদরঘাট, ঢাকা। |
| ৯. | সেবাটির ওয়েব এড্রেস (যদি থাকে) | www.biwta.gov.bd |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | মোঃ ইকবাল আলম সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-১০০০। ০১৭১১১৯৬৩২৮, iqbal3691@gmail.com |
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যাতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | মোঃ মিজানুর রহমান বন্দর ও পরিবহন কর্মকর্তা, ব ও প বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা নদীবন্দর। ০১৯২৪০৯০০৯৭, |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | বাস্তবায়িত। |

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা প্রতিবেদন ছক

| ক্র:নং | বিষয় | বিবরণ |
|--------|--|--|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | নৌপথে চলাচলকারী সব লঞ্চে পত্রিকা/ ম্যাগাজিন সমৃদ্ধ লাইব্রেরী স্থাপন। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | যাত্রীবাহী লঞ্চে পত্রিকা ও ম্যাগাজিন সমৃদ্ধ কোন লাইব্রেরী নেই। লঞ্চে যাত্রী সাধারণ পত্রিকা ও ম্যাগাজিন নিজ উদ্যোগে ক্রয় করে পড়ে থাকেন। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিধা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | লঞ্চে পত্রিকা ও ম্যাগাজিন সমৃদ্ধ লাইব্রেরী থাকলে যাত্রী সাধারণ এ সকল পত্রিকা ও ম্যাগাজিন পড়ে যাত্রাকালীন সময় অতিবাহিত করতে পারবে। এতে জ্ঞানের পরিধি বাড়বে এবং একঘোয়ামীভাব দূর হবে। কিন্তু বর্তমানে লঞ্চে পত্রিকা ও ম্যাগাজিন না থাকায় যাত্রী সাধারণকে লঞ্চে আরোহনের পূর্বে পত্রিকা ও ম্যাগাজিন ক্রয় করতে হয়। আবার অনেক সময় চাহিদা অনুযায়ী পত্রিকা ও ম্যাগাজিন পাওয়া যায় না এর ফলে যাত্রী সাধারণ অসন্তোষিত হয়ে থাকেন। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | যাত্রীবাহী লঞ্চে লাইব্রেরী না থাকায় যাত্রী সাধারণ পত্রিকা ও ম্যাগাজিন পড়ার সুযোগ হতে বঞ্চিত হয়। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | ১। প্রত্যেকটি যাত্রীবাহী লঞ্চে মালিক কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় প্রতিটি কেবিনে দৈনিক/ সাপ্তাহিক/ মাসিক পত্রিকা রাখতে হবে; ২। প্রতিটি যাত্রীবাহী লঞ্চে সংশ্লিষ্ট মালিক কর্তৃক একটি কক্ষে পত্রিকা ও ম্যাগাজিন সমৃদ্ধ লাইব্রেরী স্থাপন করতে হবে; অথবা ৩। ডেকে সেক্ষ তৈরী করে তাতে পত্রিকা ও ম্যাগাজিন রাখতে হবে। এর ফলে যাত্রী সাধারণ সহজেই এগুলো পড়ার সুযোগ পাবে। |
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বিআইডব্লিউটিএ'র নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের প্রধান কার্যালয়ে গত ০৭/০২/২০১৯ তারিখে যাত্রীবাহী লঞ্চে মালিকগণের উপস্থিতিতে এতদবিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রত্যেক যাত্রীবাহী লঞ্চে পত্রিকা ও ম্যাগাজিন সমৃদ্ধ লাইব্রেরী স্থাপনের জন্য অনুরোধ করা হয়েছে। লঞ্চে মালিকগণ লাইব্রেরী স্থাপনের বিষয়ে সভায় আশ্বস্ত করেন। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | দেশের অভ্যন্তরীণ সকল নৌপথ। |
| ৯. | সেবাটির ওয়েব এড্রেস (যদি থাকে) | নাই। |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | মুহাম্মদ আবু জাফর হাওলাদার, পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ-ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা; মোবাইল-০১৭১২০৯৬৭৮০ |
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যাতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | মুহাম্মদ আবু জাফর হাওলাদার, পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ-ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা; মোবাইল-০১৭১২০৯৬৭৮০ |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | চলমান রয়েছে। |

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা প্রতিবেদন ছক

| ক্র:নং | বিষয় | বিবরণ |
|--------|--|--|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী সকল লঞ্জে পানি দূষণরোধে ডাস্টবিন স্থাপন। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বৃহদাকার কিছু লঞ্জে ছাড়া অধিকাংশ লঞ্জেই ময়লা আবর্জনা রাখার জন্য ডাস্টবিনের ব্যবস্থা নেই। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিধা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী লঞ্জে ময়লা আবর্জনা রাখার জন্য ডাস্টবিনের ব্যবস্থা থাকলে যাত্রীদের ব্যবহৃত ময়লা/ আবর্জনা ডাস্টবিনে ফেলবে। এতে নদী পানি দূষণরোধ সম্ভব হবে। বিদ্যমান পদ্ধতিতে অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী বেশীরভাগ লঞ্জে ডাস্টবিন ব্যবস্থা না থাকায় যাত্রী সাধারণ তাদের ব্যবহৃত ময়লা আবর্জনা নদীতে ফেলছে ফলে নদীর পানি দূষণ হচ্ছে। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | যাত্রীবাহী লঞ্জে ডাস্টবিন না থাকায় ময়লা আবর্জনা যত্রতত্র ফেলা হচ্ছে যার ফলে নদীর পানি দূষিত হচ্ছে। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | ১। প্রত্যেকটি যাত্রীবাহী লঞ্জে ডাস্টবিন স্থাপন করতে হবে। ২। যাত্রীদের ব্যবহৃত ময়লা আবর্জনা লঞ্জে রক্ষিত ডাস্টবিন ফেলতে হবে এবং ৩। লঞ্জে ডাস্টবিন হতে ময়লা-আবর্জনা সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন/ ইউনিয়নের নির্ধারিত ময়লা ফেলার স্থানে/ নদী তীরবর্তী সমতল ভূমিতে নির্ধারিত স্থানে ময়লা-আবর্জনা ফেলতে হবে। |
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বিআইডব্লিউটিএ'র নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের প্রধান কার্যালয়ে গত ০৭/০২/২০১৯ তারিখে যাত্রীবাহী লঞ্জে মালিকগণের উপস্থিতিতে এতদবিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের প্রধান কার্যালয় হতে লঞ্জে মালিকদের সংগঠন বাঅনৌচ(যাপ)সংস্থা ও লঞ্জে মালিক সমিতিতে পত্র দেয়া হয়েছে। অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী বড়বড় আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত লঞ্জে ময়লা আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন রাখা হয়েছে এবং অন্যান্য লঞ্জে ডাস্টবিন স্থাপনের বিষয়ে লঞ্জে মালিকগণ আশ্বস্ত করেছেন। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | দেশের অভ্যন্তরীণ সকল নৌপথ। |
| ৯. | সেবার ওয়েব এড্রেস (যদি থাকে) | নাই। |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | মুহাম্মদ আবু জাফর হাওলাদার, পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ-ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা; মোবাইল-০১৭১২০৯৬৭৮০ |
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যাতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | মুহাম্মদ আবু জাফর হাওলাদার, পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ-ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা; মোবাইল-০১৭১২০৯৬৭৮০ |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | বাস্তবায়িত। |

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা প্রতিবেদন হুক

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|------------|---|---|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | ডেক এন্ড ইঞ্জিন পার্সোনেল ট্রেনিং সেন্টার (ডিইপিটিসি), নারায়নগঞ্জ-এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে আবেদন ফি অনলাইনে আদায় প্রসংগে। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিয়ন্ত্রনে ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), নারায়নগঞ্জ নামে একটি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। নৌ-পরিবহন অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে এই প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে নিম্নরূপ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকেঃ (ক) ১ বছর মেয়াদি মেরিণ এ্যাপ্রেন্টিস ক্যাডেট কোর্স; (খ) বেসিক সেফটি কোর্স; (গ) প্যাসেঞ্জার শীপ এনডোর্সমেন্ট কোর্স; (ঘ) ইন-সার্ভিস মাস্টারদের কম্পিটেন্সি পরীক্ষার প্রস্তুতিমূলক কোর্স; এবং (ঙ) ইন-সার্ভিস ড্রাইভারদের কম্পিটেন্সি পরীক্ষার প্রস্তুতিমূলক কোর্স। এ সব প্রশিক্ষণ আয়োজনের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়। তদনুযায়ী ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ ডিইপিটিসি, নারায়নগঞ্জ-এ হাজির হয়ে স্বহস্ত লিখিত দরখাস্ত এবং ভর্তি ফি জমা প্রদান করে উক্ত প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকেন। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিধা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | (১) ভর্তির আবেদনপত্র দাখিলের জন্য ডিইপিটিসি, নারায়নগঞ্জ-এ হাজির হতে হবে না। (২) ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ অনলাইনে ভর্তি ফি জমা প্রদান করতে পারবেন। (৩) এর ফলে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণের সময় এবং অর্থ সাশ্রয় হবে। (৪) বিদ্যমান পদ্ধতিতে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ ডিইপিটিসি, নারায়নগঞ্জ-এ হাজির হয়ে দরখাস্ত জমা দিয়ে থাকেন। অতঃপর হিসাব শাখা/বাংকে গিয়ে আবেদন ফি জমা দিচ্ছেন। যার ফলে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণের অনেক সময় এবং অর্থ ব্যয় হচ্ছে। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণকে ভর্তির আবেদনপত্র দাখিলের জন্য ডিইপিটিসি, নারায়নগঞ্জ-এ হাজির হতে হয়। (২) ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ হিসাব শাখা/বাংকে গিয়ে ভর্তি ফি জমা প্রদান করে থাকেন। (৩) এর ফলে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণের অনেক সময় এবং অর্থের প্রয়োজন হয়। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) deptcnarayananj.com ওয়েবসাইটে লগইন করে যে কোন স্থান হতে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র দাখিল করতে পারবেন। (২) ডাচ বাংলা ব্যাংকের “রকেট” এর মাধ্যমে সহজেই ভর্তি ফি জমা প্রদান করতে পারবেন। |

| | | |
|-----|--|--|
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিয়ন্ত্রনে ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), নারায়নগঞ্জ এর জন্য একটি ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে। এই ওয়েবসাইটের মাধ্যমে ডিইপিটিসি, নারায়নগঞ্জ হতে ইস্যুকৃত সব সার্টিফিকেট অনলাইনে ভেরিফিকেশন করা যায়। ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ এই ওয়েবসাইটের মাধ্যমে ভর্তির আবেদনপত্র দাখিল করে থাকেন। ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণের নিকট হতে আদায়ের লক্ষ্যে ডাচ বাংলা ব্যাংকের “রকেট” এর সংগে একটি চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। এর ফলে ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীগণ রকেট ব্যবহার করে খুব সহজেই ভর্তি ফি জমা প্রদান করতে পারছেন। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | ডিইপিটিসি, নারায়নগঞ্জসহ সমগ্র বাংলাদেশ। |
| ৯. | সেবাটির ওয়েব এড্রেস (যদি থাকে) | www.deptcnarayanganj.com |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | মোঃ ইকবাল আলম সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-১০০০। ০১৭১১১৯৬৩২৮, iqbal3691@gmail.com |
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যাতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | ক্যাপ্টেন মোঃ শাহজাহান অধ্যক্ষ, ডিইপিটিসি, নারায়নগঞ্জ। ০১৭১৫২১০৯৪৫, deptc1234@gmail.com |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | বাস্তবায়িত। |

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন/প্রকাশনা তৈরির হুক

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---------|--|--|
| ১. | দপ্তর সংস্থার নাম ও সংক্ষিপ্ত পরিচিতিঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। |
| ২. | উদ্ভাবনের শিরোনামঃ | কর্তৃপক্ষ ভবনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ডিজিটাল হাজিরা। |
| ৩. | কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রচলিত/বর্তমান পদ্ধতিতে চলমান কার্যক্রমটির বিবরণ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) একটি সেবামূলক প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা গ্রহীতাবৃন্দ প্রতিদিন বিআইডব্লিউটিএ ভবনে আসা-যাওয়া করে থাকেন। এসব বৈধ সেবা গ্রহীতার পাশাপাশি অপরিচিত এবং অযাচিত লোকজন হরহামেশা কর্তৃপক্ষ ভবনে যাতায়াত করছেন। এর ফলে কর্তৃপক্ষ ভবনসহ ভবনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জানমালের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশংকা দেখা দিচ্ছে। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের জন্য গতানুগতিক হাজিরা ব্যবস্থা চালু রয়েছে। এর ফলে কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে না। |
| ৪. | উদ্ভাবনটি নির্বাচনের যৌক্তিকতাঃ টিসিভি'র আলোকে কি কি সুবিদা হবে এবং বিদ্যমান পদ্ধতিতে কি কি সমস্যা রয়েছে) | (১) গতানুগতিক পদ্ধতিতে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হয়। (২) প্রতি মাসে কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা প্রতিবেদন প্রস্তুত করতে হয়। (৩) প্রস্তুতকৃত হাজিরা প্রতিবেদন হিসাব শাখায় প্রেরণ করতে হয়। (৪) এর ফলে অভ্যন্তরীণ সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীসহ দাপ্তরিক সময় সাশ্রয় হবে। পাশাপাশি সরকারি অর্থের সাশ্রয় হবে। |
| ৫. | বিদ্যমান সেবা পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) গতানুগতিক পদ্ধতিতে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হয়। (২) প্রতি মাসে কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা প্রতিবেদন প্রস্তুত করতে হয়। (৩) প্রস্তুতকৃত হাজিরা প্রতিবেদন হিসাব শাখায় প্রেরণ করতে হয়। |
| ৬. | প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতিঃ (ধাপ/ব্যবহার পদ্ধতি/ প্রসেস ম্যাপ) | (১) এক্সেস কার্ড/আইডি কার্ড পাঞ্চ করে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অফিসে প্রবেশ করবেন। অনুরূপভাবে এক্সেস কার্ড পাঞ্চ করে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অফিস ত্যাগ করবেন। (২) সিস্টেম থেকে অটোমেটেড হাজিরা প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হবে। |
| ৭. | উদ্ভাবন কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণঃ (প্রয়োজনীয় ছবি, গ্রাফ, চার্ট ইত্যাদিসহ) | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ১৬ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এক্সেস কার্ড/আইডি কার্ড পাঞ্চ করে অফিসে প্রবেশ করার জন্য কর্তৃপক্ষ ভবনের নীচতলায় ০৪ (চার)টি, ৩য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম এবং ৯ম তলায় ১টি করে আরো ০৫ (পাঁচ)টিসহ মোট ০৯ (নয়)টি এন্ট্রি রিডার এবং ০৯ (নয়)টি এন্ট্রি রিডার স্থাপন করা হয়েছে। এসব এন্ট্রি রিডার এবং এন্ট্রি রিডারে এক্সেস কার্ড/আইডি কার্ড পাঞ্চ করে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ভবনে প্রবেশ এবং ভবন ত্যাগ করতে পারবেন। এন্ট্রি রিডার এবং এন্ট্রি রিডারে এক্সেস কার্ড/আইডি কার্ড পাঞ্চ করার ফলে কর্মকর্তা/কর্মচারীবৃন্দের হাজিরা সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে সার্ভারে সংরক্ষিত হবে যা পরবর্তীতে যে কোন সময় ব্যবহার করা সম্ভব হবে। |
| ৮. | বাস্তবায়ন এলাকাঃ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। |
| ৯. | সেবাটির ওয়েব এড্রেস (যদি থাকে) | ----- |
| ১০. | উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ | মোঃ ইকবাল আলম সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-১০০০। ০১৭১১১৯৬৩২৮, iqbal3691@gmail.com |

| | | |
|-----|---|---|
| ১১. | বর্তমানে তদারককারীর নাম, ঠিকানা, মোবাইল ও ইমেইলঃ (উদ্ভাবক ব্যতিরেকে অন্য কেউ থাকলে উল্লেখ করুন) | মোঃ জুলফিকার হায়দার সহকারী পরিচালক, আইসিটি বিভাগ ০১৭১৪৩৮২৮২৫, mzhaider06@gmail.com |
| ১২. | বাস্তবায়ন অবস্থাঃ (বাস্তবায়নাধীন/বাস্তবায়িত) | বাস্তবায়নাধীন। |